

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
প্রশাসন

“বঙ্গবন্ধুর দর্শন,
সমবায় উন্নয়ন”

www.coop.gov.bd

সমবায় অধিদপ্তর, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.০৫৫.৮৯.৪৫৪

তারিখ: ৮ বৈশাখ ১৪২৯


২১ এপ্রিল ২০২২

অফিস আদেশ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর সভাপতিত্বে বিগত ২৭/০৩/২০২২ খ্রি: তারিখে সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সমন্বয়ে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণীর আলোকে নিম্নরূপ নির্দেশনাগুলো অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হল :

- ১। মাঠ পর্যায়ে সমবায় সমিতির কার্যক্রম কঠোরভাবে মনিটরিং করতে হবে। এ বিষয়ে জেলা সমবায় কার্যালয় হতে উপজেলা কর্মকর্তা/কর্মচারীগণকে দায়িত্ব প্রদান করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ আমানত সংগ্রহ ও ঋণের বিষয়ে আগাম তথ্য সংগ্রহ করবে এবং সমিতিগুলো জনগণের অর্থ নিয়ে পালিয়ে যাওয়ার আশংকা থাকলে স্থানীয় প্রশাসন, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ২। সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে আরো সতর্কতা অবলম্বন করতে হবে। বিভিন্ন পর্যায়ে যাচাই-বাছাই করে আইন ও বিধি অনুযায়ী সমিতির নিবন্ধন প্রদান করতে হবে।
- ৩। অকার্যকর সমবায় সমিতিগুলো কার্যকর করার উদ্যোগ গ্রহন করতে হবে অথবা আইন ও বিধি অনুযায়ী অবসায়নে ন্যাস্ত / প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধন বাতিল করতে হবে।
- ৪। জেলা সমবায় কর্মকর্তাগণ জেলার অন্তর্গত সমবায় সমিতির মধ্যে হতে Vulnerable সমবায় সমিতিগুলোর তালিকা প্রণয়ন করবেন ও উক্ত সমিতিগুলো কঠোরভাবে মনিটরিং করবেন।
- ৫। জেলা সমবায় কর্মকর্তা তার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারী এবং সকল উপজেলা সমবায় কর্মকর্তা-কে নিয়ে প্রতিমাসে ১ বার সভা অনুষ্ঠানপূর্বক কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের সমিতি ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন এবং জেলা ও উপজেলায় অবস্থিত সমবায় সমিতি সমূহের সার্বিক কার্যক্রম তদারকি করবেন।
- ৬। বিভাগীয় যুগ্ম-নিবন্ধকগণ নিজ অফিসের কর্মকর্তা/কর্মচারী ও তার অন্তর্গত সকল জেলা সমবায় কর্মকর্তা-কে নিয়ে প্রতিমাসে ১বার সভা করে কার্যবিবরণী অধিদপ্তরের সমিতি ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে এবং জেলার অন্তর্গত সমবায় সমিতিসমূহের সার্বিক কার্যক্রম তদারকি করবেন।
- ৭। জেলা ও বিভাগীয় পর্যায়ে সভা অনুষ্ঠানের জন্য একটি নির্দিষ্ট তারিখ নির্ধারণ করতে হবে। উক্ত সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একজন প্রতিনিধি জুম এ্যাপের মাধ্যমে সংযুক্ত থেকে সভার কার্যক্রম পরিবীক্ষণ করবেন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন;
- ৮। সমবায় সমিতির কার্যক্রম সম্পর্কে মাঠ পর্যায়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং এর ব্যবস্থা গ্রহন করতে হবে।
- ৯। কোন উপজেলা/জেলা/বিভাগের আওতাধীন সমবায় সমিতির তদারকীর অভাবে যদি গ্রাহকদের টাকা আত্মসাৎ করে বা পালিয়ে যায়, সে ক্ষেত্রে উপজেলা/জেলা/বিভাগের কর্মকর্তাগণকে জবাবদিহি করতে হবে। তদন্তে তাদের গাফিলতি বা শৈথিল্যের প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মাঠ পর্যায়ে এ নির্দেশনা জারি করার জন্য বলা হল।



২৫-৪-২০২২

ড. মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস

নিবন্ধক ও মহাপরিচালক

ফোন: ০২৪৮১১৯৩০৫

ফ্যাক্স: ০২৯১৩৯৫৬৫

ইমেইল: reg.dg@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.০৫৫.৮৯.৪৫৪/১(২২)

তারিখ: ৮ বৈশাখ ১৪২৯
২১ এপ্রিল ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) অতিরিক্ত নিবন্ধক, প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স অধিশাখা, সমবায় অধিদপ্তর
- ২) অতিরিক্ত নিবন্ধক, সমিতি ব্যবস্থাপনা অধিশাখা, সমবায় অধিদপ্তর
- ৩) অতিরিক্ত নিবন্ধক, নিরীক্ষা ও আইন অধিশাখা, সমবায় অধিদপ্তর
- ৪) অতিরিক্ত নিবন্ধক, ইপিপি অধিশাখা, সমবায় অধিদপ্তর
- ৫) যুগ্ম নিবন্ধক, নিরীক্ষা ও আইন শাখা, সমবায় অধিদপ্তর
- ৬) যুগ্ম-নিবন্ধক, মার্কেট, গৃহায়ণ, ক্রেডিট, মহিলা ও বিশেষ দল শাখা, সমবায় অধিদপ্তর
- ৭) যুগ্ম-নিবন্ধক, ব্যাংক, বীমা ও কৃষি ঋণ শাখা, সমবায় অধিদপ্তর
- ৮) যুগ্ম-নিবন্ধক, কৃষিজ শিল্প শাখা, সমবায় অধিদপ্তর
- ৯) যুগ্ম -নিবন্ধক, সেবা-শিল্প শাখা, সমবায় অধিদপ্তর
- ১০) যুগ্ম নিবন্ধক, কো-অপারেটিভ মার্কেটিং প্রমোশন সেল, সমবায় অধিদপ্তর
- ১১) যুগ্ম-নিবন্ধক, প্রশাসন ও অর্থ শাখা, সমবায় অধিদপ্তর
- ১২) যুগ্ম-নিবন্ধক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সমবায় অধিদপ্তর
- ১৩) যুগ্ম-নিবন্ধক, সম্প্রসারণ ও প্রমোশন শাখা, সমবায় অধিদপ্তর
- ১৪) যুগ্ম-নিবন্ধক, গবেষণা ও এমআইএস শাখা, সমবায় অধিদপ্তর
- ১৫) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা
- ১৬) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম
- ১৭) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী
- ১৮) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
- ১৯) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল
- ২০) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট
- ২১) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর
- ২২) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ



২৫-৪-২০২২

ড. মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস

